

১৫

স্ববিধ 26 DEC 1993

দৈনিক সংবাদ

পৃষ্ঠা... ৬ ... কলাম ৩

ইসলামী বিশ্ববিদ্যালয়

ছাত্র রাজনীতি সীমিতকরণে ব্যবস্থা নেয়ার উদ্যোগ

।। আব্দুস সালাম খান/আকমল হোসেন ।।
শান্তিডাঙ্গা-দুলালপুর (কুষ্টিয়া)ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের 'কোড অব কনডাট' - এ কিছু ধারা 'কঠোর' করা হচ্ছে। ছাত্র রাজনীতি সীমিতকরণের লক্ষ্যেই এ উদ্যোগ চলছে। বর্তমানে চাপু 'কোড অব কনডাট' -এর ধারা-ছাত্র রাজনীতির হাঙ্গামা দমনের জন্য উপযোগী নয়।

অবশ্য ইসলামী বিশ্ববিদ্যালয়ে বর্তমানে খুবই শান্ত-সুস্থ পরিবেশ বিরাজ করছে। মূলত ইসলামী ছাত্র শিবিরের কিছু নেতার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের পরই ক্যাম্পাসে স্বাভাবিক অবস্থা ফিরে এসেছে। শিবির কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা উপেক্ষা করে ক্যাম্পাসে মিছিল-মিটিং করেছিল। এমনকি কর্তৃপক্ষের বিরুদ্ধে চ্যালেঞ্জই নেমেছিল। বর্তমানে শিবির অস্বাভাবিক রকম নীরবতা পালন করে চলছে। কুষ্টিয়াতে বিশ্ববিদ্যালয় স্থানান্তরের পর বর্তমানের মত সুন্দর পরিবেশ পাওয়া যায়নি।

এর আগে বিশ্ববিদ্যালয়ে বিরাজমান অস্থিতিশীল পরিস্থিতির প্রেক্ষিতে 'কোড অব কনডাট' মডিফিকেশনের সিদ্ধান্ত নেয়া হয়। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নূর আহমদকে আহ্বায়ক করে একটি কমিটিও গঠিত হয়েছে। জানা গেছে 'কোড অব

কনডাট' -এ নতুন ধারা সংযোজন করা হচ্ছে। এতে বাকস্বাধীনতা সীমিতকরণের সুগারিশও থাকতে পারে। ইতিমধ্যে ৮৫২ জন ছাত্রছাত্রী স্বাক্ষরিত ছাত্র রাজনীতি বন্ধ সংক্রান্ত এক গণআবেদনপত্র জমা পড়েছে। সাধারণ ছাত্রছাত্রীদের তরফ থেকে ছাত্র রাজনীতির হাঙ্গামা-রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের চাপ অব্যাহত রয়েছে বলে একাডেমিক বিভাগ সূত্রে জানা গেছে।

শিবির নিষ্ক্রিয় হবার কারণেই বিশ্ববিদ্যালয়ের সার্বিক অবস্থা শান্ত হয়েছে। এ কথাটি পরোক্ষভাবে স্বীকার করেছেন বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা। তবে সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের ১৪তম প্রতিষ্ঠা-বার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের 'শপথ' গ্রহণের পরই বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক পরিবেশ বিরাজ করছে। তবে শিবিরের নীরবতার আড়ালে বড় ধরনের প্রযুক্তি চলছে কিনা কর্তৃপক্ষ একথাটি স্বীকার করছেন না।

বর্তমানে কার্যকর ছাত্র রাজনীতি নিষিদ্ধ আদেশটি আরও কিছুদিন অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে। নতুন বছরের ছাত্র-ছাত্রী ভর্তি পর্যন্ত এ আদেশ বলবৎ রাখা হতে পারে। এমনকি ৫ বছরের জন্য ছাত্র রাজনীতি বন্ধের ব্যবস্থা হতে পারে।